



উপপরিচালক  
মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট।  
টেলিফোন: ০২-৪৭৭৫৩৭৮০  
ওয়েবসাইট: [www.mpa.gov.bd](http://www.mpa.gov.bd)

## সংবাদ বিজ্ঞপ্তি

### “মোংলা বন্দরে বৃক্ষরোপণ কর্মসূচি-২০২৫ শুভ উদ্বোধন”।

“পরিকল্পিত বনায়ন করি,  
সবুজ বাংলাদেশ গড়ি”।

প্রতিপাদ্য নিয়ে সদর দপ্তর প্রাঙ্গণে মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান একটি “কৃষঁচূড়া” (Delonix Regia) গাছের চারা রোপণের মধ্য দিয়ে বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে মোংলা বন্দরের বৃক্ষরোপণ কর্মসূচি-২০২৫ শুভ “উদ্বোধন” করেন। এর পরপরই বন্দরের সদস্য (অর্থ) ও পরিচালক (প্রশাসন) ফুলের চারা রোপন করেন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন- পরিচালক (বোর্ড), হারবার মাস্টার, প্রধান অর্থ ও হিসাব রক্ষন কর্মকর্তা, প্রধান প্রকৌশলী (যা: ও ত:), প্রধান হাইড্রোগ্রাফার, পরিচালক (ট্রাফিক), প্রধান নিরাপত্তা কর্মকর্তা, প্রধান নিরীক্ষা কর্মকর্তা, প্রধান চিকিৎসা কর্মকর্তা এবং বন্দরের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল শাহীন রহমান বলেন- “উপকূলীয় এলাকায় অবস্থিত হওয়ায় ঘূর্ণিঝড়, জলোচ্ছাসসহ নানা প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার মধ্য দিয়ে মোংলা বন্দরের কার্যক্রম পরিচালিত হয়। দুর্যোগপূর্ণ আবহাওয়ায় সহিষ্ণু সত্ত্বার মত গাছ প্রকৃতির ঢাল হিসেবে বন্দরে সুরক্ষা দিয়ে থাকে। মোংলা বন্দরের সদর দপ্তরসহ বিভিন্ন পয়েন্টে প্রায় ২০০০ (দুই হাজার) ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা রোপণের মাধ্যমে সবুজ বাংলাদেশ বিনির্মাণ ও প্রাকৃতিক পরিবেশ রক্ষায় মোংলা বন্দর আগ্রণী ভূমিকা পালন করে যাবে।” তিনি আরও বলেন-

“বিগত বছরগুলোতে যে গাছগুলো রোপন করা হয়েছে এবং বর্তমানে যে গাছগুলো রোপন করা হবে এসকল গাছের সঠিক পরিচর্যা নিশ্চিত করার দায়িত্ব কর্মকর্তা-কর্মচারী, আমাদের সকলের।”

পরিশেষে দেশ, জাতি ও বন্দরের সার্বিক উন্নয়ন কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

স্বাক্ষরিত/-

০৩/০৭/২০২৫

মোঃ মাকরুজ্জামান

উপপরিচালক